

তারিখ ২৪/১২/৬২

পৃষ্ঠা... কলাম

026

শিক্ষামন্ত্রী মহোদয় সমীক্ষে

ময়মনসিংহের এতিহাসিক
সরকারী আনন্দমোহন কলেজের
ব্যবস্থাপনা, বিভাগটির বর্তমান
অবস্থা-বিশেষতঃ শিক্ষক সমস্যা
খুবই শোচনীয়। ১৯৭৩ সনে
এই কলেজে ব্যবস্থাপনায় সম্মান
শ্রেণী খোলা হইয়াছে। বিষ-
বিদ্যালয়ে ব্যবস্থাপনা বিভাগের
ফলাফলে ইতিবধূ আমাদের
কলেজের ছাত্র/ছাত্রীরা কতিপয়ঃ
প্রদর্শন করিতে পারিয়াছে। কিন্তু
একটা বিষয়ে সম্মান শ্রেণীতে
শিক্ষা দেওয়ার জন্য বেখানে
কমপক্ষে ৮ জন শিক্ষকের
প্রয়োজন সেখানে মাত্র ১ জন
সহকারী অধ্যাপক এবং ২ জন
প্রভাষক এই বিভাগটি পরি-
চালনা করিতেছেন। যা এক-
দিকে শিক্ষকদের উপর অতিরিক্ত
চাপের স্থষ্টি করিয়াছে, অপর
দিকে স্থুট ক্লাস পরিচালনার
ক্ষেত্রে অগ্রহায়ের স্থুট করিয়াছে।
এই বিভাগে দীর্ঘদিন ধরিয়া ১টি
সহযোগী অধ্যাপক, ২টি সহকারী
অধ্যাপক এবং ৩টি প্রভাষকের পদ
ছিল। কিন্তু কলেজ কর্তৃপক্ষ এই
বিভাগের একটি প্রভাষকের পদ
অঙ্গ বিভাগে স্থানান্তর করিয়াছেন।
ইতিপূর্বে বিভিন্ন সময়ে আমরা
বিভিন্নভাবে শিক্ষক সমস্যা সমা-
ধানের জন্য কলেজ এবং উক্ত
তন প্রশাসনকে অবহিত করিয়াছি।
কিন্তু কর্তৃপক্ষ সব সময়ই নীরব।
কিছুদিন পূর্বে, একজন প্রাক্তন
শিক্ষামন্ত্রী জানুয়ারী মাসের মধ্যে
এই বিভাগের ২ জন শিক্ষক
নিয়োগ করিবেন ধলিয়া প্রতিশত
দিয়াছিলেন। কিন্তু এই প্রতিশতিও
করা হব নাই।

মাননীয় শিক্ষা মন্ত্রীর নিকট
আমাদের সবিনয় নিবেদন, এই
বিভাগের শিক্ষকের পূর্বের ৬টি
পদসহ আরও ২টি প্রভাষকের
পদ স্থুট করিয়া সেই পদগুলিতে
জরুরী ভিত্তিতে শিক্ষক নিয়োগ
করিয়া আমাদের শিক্ষার পথকে
সুগম করা হউক।

— শফিক আহাম্মদ শিবলী এবং
শহীদ উদ্দিন আহাম্মদ, ব্যবস্থাপনা
বিভাগ, আনন্দমোহন কলেজ,
ময়মনসিংহ।